



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা

মেমো নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/এইচকিউ/ডিপি-২০২৩/১৬৪৬

তারিখ: ১৯-০৫-২০২৪

জনাব মোহাম্মদ সহিদুল হাসান

উপব্যবস্থাপক, সুশাসন ও জবাবদিতি

রেজিলিয়েন্স, এন্ট্রাপ্রেনিউরশীপ অ্যান্ড লাইভলীছুড ইমপ্রুভমেন্ট (RELI) প্রজেক্ট

এসডিএফ, প্রধান কার্যালয়।

পূর্বের পদ: উপব্যবস্থাপক, ক্রয়, এসডিএফ, প্রধান কার্যালয়।

বিষয়: বিভাগীয় মামলায় শাস্তি প্রদান।

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ সহিদুল হাসান এসডিএফ-এর উর্দ্ধতন কর্মকর্তা ড. মো: শহীদুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (যুব ও কর্মসংস্থান) এর সাথে চরম অশোভন আচরণ, কদর্য ব্যবহার এবং দাঙ্গরিক কাজে অসহযোগিতা করেছেন যার পরিপ্রেক্ষিতে তিনি আপনার বিরংক্ষে বিগত ১৮-০২-২০২৪ তারিখে লিখিত অভিযোগ উত্থাপন করলে প্রধান কার্যালয় কর্তৃক একটি তদন্ত পরিচালিত হয়েছে এবং তদন্তে অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে, তদন্ত প্রতিবেদনের আলোকে আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে এবং জবাব কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি;

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ সহিদুল হাসান কারণ দর্শানোর নোটিশের যে জবাব প্রদান করেছেন তার ভাষা সম্পূর্ণরূপে অশালীন, শিষ্টাচার বহির্ভূত এবং যা আপনার আচরণের স্বাভাবিক বহিঃপ্রকাশ;

যেহেতু, তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, আপনি এসডিএফ-এর সাথে সংশ্লিষ্ট অনেক ভেঙ্গর-এর সাথে অশোভন ও ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেছেন, অভ্যাসগতভাবে ইতোপূর্বে অনেক কর্মকর্তা/কর্মচারীর সাথে বিভিন্ন সময়ে অশালীন, শিষ্টাচার বহির্ভূত আচরণ করেছেন, এবং আপনার বিরংক্ষে গুরুতর অসদাচরণের অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে যা কোনওক্ষেত্রেই গ্রহণযোগ্য হতে পারেনা। এধরনের শিষ্টাচার বহির্ভূত কার্যকলাপ এসডিএফ এর মতো স্বনামধন্য প্রতিষ্ঠানের জন্য ফ্লানিকর এবং অনভিপ্রেত;

যেহেতু, আপনার এহেন দাঙ্গরিক কাজে অসহযোগিতা, দায়িত্বে অবহেলা, উর্দ্ধতন কর্মকর্তার সাথে অসৌজন্যমূলক আচরণ, শিষ্টাচার বহির্ভূত কদর্য ব্যবহার এবং শৃঙ্খলাভঙ্গজনিত অনিয়মসমূহ এসডিএফ-এর HR Policy and Manual এর অনুচ্ছেদ নং-১১ মোতাবেক গুরুতর অসদাচরণের সামিল যা' বরখাস্তকরণসহ শাস্তিযোগ্য অপরাধ;

কিন্তু কর্তৃপক্ষ আপনার বয়স, পদবী, পারিপার্শ্বিকতাসহ সার্বিক বিষয়াদি বিবেচনায় আপনার প্রতি শেষবারের মত সদয় মনোভাব প্রদর্শন করে সংশোধনের জন্য আপনাকে বরখাস্ত করার পরিবর্তে বর্তমান পদ উপব্যবস্থাপক (লেভেল-৭) থেকে সহকারি ব্যবস্থাপক (লেভেল-৮) এ পদাবলি করা হ'ল। আপনাকে বর্তমান বেতন-ক্ষেত্র এর লেভেল-৮ এর প্রাথমিক ধাপে অবনমিত করা হ'ল অর্থাৎ সেক্ষেত্রে আপনার মূল-বেতন হবে ৪৫,৬০০/- টাকা।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড. অমিতাভসরকার

ব্যবস্থাপনা পরিচালক

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১) পরিচালক (অর্থ ও ক্রয়), এসডিএফ, প্রধান কার্যালয়।
- ২) মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ, এসডিএফ, প্রধান কার্যালয়।
- ৩) অফিস কপি।